

স্মারক: HS-এ ভর্তির জন্য আবেদন করার শেষ তারিখ হচ্ছে 1 ডিসেম্বর! 12/9 তারিখের মধ্যে ভার্সুয়াল অডিশনসমূহ জমা দিন।

প্রিয় পরিবারবর্গ,

স্মরণ করিয়ে দিচ্ছি যে, আপনার সন্তান যদি 2023-এর হেমন্তে (ফল-এ) হাই স্কুলে ভর্তি হয়, তবে আপনার সন্তানের হাই স্কুলে ভর্তির আবেদন জমা দেয়ার শেষ তারিখ হচ্ছে 1 ডিসেম্বর, 2022। আপনার বাড়তি উপকরণ জমা দেয়ার জন্য 9 ডিসেম্বর পর্যন্ত সময় আছে।

যদি আপনি ইতোমধ্যে আবেদন করে থাকেন, তা চমৎকার—আপনার আর কিছু করতে হবে না। আপনার আবেদনপত্রে কোনও পরিবর্তন করতে চান? আপনি শেষ সময়সীমা ডিসেম্বর 1-এর আগে যেকোনো সময় তা করতে পারেন।

আপনি যদি ইতোমধ্যে আবেদন না করে থাকেন, আমরা আপনার হাই স্কুলে ভর্তির আবেদন চাইছি!

- মনে রাখবেন, আপনার আগ্রহের একটি প্রোগ্রামে অফার পাওয়ার সবচেয়ে সেরা সুযোগ হচ্ছে, আপনার সন্তানের ভর্তির আবেদনপত্র জমা দেয়া।
- আপনার সন্তানের আবেদনপত্রে আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে 12-টি প্রোগ্রাম যোগ করুন, আপনার প্রথম পছন্দের প্রোগ্রামটি যাবে সবার উপরে #1 হিসেবে।
- 9 ডিসেম্বরের মধ্যে [অডিশন](#) অথবা [মূল্যায়ন সহ স্ক্রিনড \(যাচাইকরণ\)](#) প্রোগ্রামসমূহের জন্য যেকোনো বাড়তি শর্তাবলী পূরণ করুন।

আবেদন করার তিনটি উপায় রয়েছে:

- [অনলাইনে মাইস্কুলস্-এর মাধ্যমে](#)। এই সুযোগটি প্রতিদিন 24 ঘণ্টা, সপ্তাহে সাত দিন খোলা আছে। আপনি অনলাইনে আরবি, বাংলা, চাইনিজ, ইংরেজি, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, অথবা উর্দুতে আবেদন করতে পারেন।
- [আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের মাধ্যমে](#)। এই সুযোগ স্কুল দিবসে, স্কুল চলাকালে লভ্য রয়েছে।
- [একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে](#) —এই লিংক থেকে সময়সূচি ও ঠিকানা জেনে নিন। 200-টির বেশি ভাষায় ফোনে দোভাষী সুবিধা লভ্য আছে।

কোনো প্রশ্ন আছে কি?

- আরো জানতে এবং মাইস্কুলস্ সংক্রান্ত টিউটোরিয়ালের জন্য [schools.nyc.gov/High](https://schools.nyc.gov/High) দেখুন।
- মাইস্কুলস্ কিংবা আপনার আবেদন নিয়ে সহায়তার প্রয়োজন, অথবা কোনো প্রশ্ন আছে কি? আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলার অথবা কোনও [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) স্টাফের সাথে কথা বলুন।

শুভেচ্ছান্তে,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](https://schools.nyc.gov/SignUp) ওয়েবসাইটে, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। হাই স্কুলে অ্যাডমিশনস্ বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।